# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association


# মডিউল 2
# Whats

# 2 -
# sApp

# গভীরের প্রশিক্ষণ


## শেখার উদ্দেশ্য

- প্রশিক্ষনার্থীরা জানবে কিভাবে WhatsApp-এর মাধ্যমে যোগাযোগ করতে হয়
- WhatsApp-এর মত টুলসগুলিকে কিভাবে মানুষের সাথে যোগাযোগের জন্য ব্যবহার করা যেতে পারে তা নিয়ে প্রশিক্ষনার্থীরা উত্তেজনা ও আগ্রহী বোধ করে





**সময় সীমা:**
45-60 মিনিট


## আপনার যে সব জিনিস দরকার হবে:



কাগজ, কলম ও আঠালো টেপ




স্মার্টফোন হ্যান্ডসেট




ছোট পুরস্কার




WhatsApp পোস্টার x 3




শব্দকোষ হ্যান্ডআউট




খরচের পোস্টার



সুরক্ষা সংক্রান্ত পরামর্শ



আইকন কাট-আউট

# WhatsApp-এর সাথে পরিচয়

WhatsApp

## প্রশিক্ষনার্থীদেরকে WhatsApp আইকনের কাট-আউট দেখান এবং তাদেরকে ফোনে তা খুঁজে বের করতে বলুন

**জিজ্ঞাসা করুন** "কেউ কি জানে যে, এটি কি?" "এটি কিসের জন্য?"

## WhatsApp-র্কে একটি ছোট ব্যাখ্যা দিন:

- "WhatsApp মানুষের সাথে অর্থাৎ আত্মীয়, বন্ধু ও সহকর্মীদের সাথে যোগাযোগ রাখা ও চ্যাট করাকে সহজ করে তোলে"
- "WhatsApp একটি মেসেজিং সেবা, কিছুটা SMS-এর মত, তবে আপনি এছাড়াও ভয়েস মেসেজ, ছবি, ভিডিও ও তার সাথে একটি গ্রুপকে মেসেজ পাঠাতে পারেন
- WhatsApp ফোন ক্রেডিটের বদলে ইন্টারনেট ডেটা ব্যবহার করে এর মানে হল এর মাধ্যমে মেসেজ পাঠানো সাশ্রয়ী হতে পারে এবং আপনি যাকে মেসেজ পাঠাচ্ছেন তিনি যে দূরত্বেই থাকুন না কেন এর খরচে কোন পরিবর্তন হবে না"

## জীবনে এর সুবিধাগুলিকে নিয়ে আসুন!

- WhatsApp কিভাবে আপনার (প্রশিক্ষক), আপনার বন্ধুবান্ধব ও আপনার পরিবারের কাজে এসেছে সে সংক্রান্ত গল্পটি বলুন। কিছু উদাহরণ হতে পারে:
- পণ্যের বিজ্ঞাপন দেওয়া, পরামর্শ শেয়ার করা, ক্লাসের নোট বা অ্যাসাইনমেন্ট নিয়ে আলোচনা করা এবং খবর শেয়ার করার জন্য ব্যবসায়িক ব্যক্তি / সহকর্মী / সহপাঠী / গ্রাহক / বন্ধুবান্ধব / পরিবারের লোকেদের সাথে সংযোগ করা
- WhatsApp কিভাবে ব্যবহার করা যেতে পারে সে সংক্রান্ত নির্দিষ্ট উদাহরণ বা গল্প তুলে ধরুন

## WhatsApp-কে প্রশিক্ষনার্থীদের জন্য প্রাসঙ্গিক করে তুলুন

WhatsApp কিভাবে তাদের নিজেদের জীবনে উপকারী হয়ে উঠতে পারে তা নিয়ে প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন:

- **জিজ্ঞাসা করুন** "আপনার নিজের জীবনে WhatsApp কিসের জন্য ব্যবহার করতে চাইবেন?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন
- **জিজ্ঞাসা করুন** "আপনি WhatsAppএর কোন জিনিসটি শেখার ব্যাপারে সবচেয়ে আগ্রহী?"

**মনে রাখবেন:** প্রশিক্ষনার্থীদের নিজেদের জীবনে ইন্টারনেট কিভাবে সহায়ক বা কার্যকরী হতে পারে তা নিয়ে পরে প্রশিক্ষণে আলোচনা ও কার্যক্রমগুলিকে যোগ করুন। এটি প্রশিক্ষণটিকে তাদের জন্য প্রাসঙ্গিক ও আগ্রহজনক করে তুলতে সহায়তা করবে।

# কার্যক্রম: একে অপরকে মেসেজ করা

## বাস্তব ব্যবহার!

**ব্যাখ্যা করুন যে,** "আপনি এখন ফোনে WhatsApp ব্যবহার করে দেখতে চলেছেন।"




## 'কিভাবে WhatsApp ব্যবহার করবেন: একে অপরকে মেসেজ করা' পোস্টার দেখান

- **ব্যাখ্যা করুন** "এই পোস্টারটি WhatsApp-এ একে অপরকে মেসেজ পাঠানোর ধাপগুলি দেখায়।"
- প্রশিক্ষনার্থীদের দেয়া ফোনে এই ধাপগুলি দেখান এবং ব্যাখ্যা করুন, আপনি লেখা, ছবি বা ভয়েস মেসেজ পাঠাতে পারেন

তাদেরকে ফোনগুলির মাধ্যমে একে অপরকে মেসেজ পাঠাতে বলুন।

### 1. একটি শুভেচ্ছামূলক টেক্সট মেসেজ পাঠান:

- WhatsApp-এর চ্যাট আইকনটি ধরে থাকুন।
- এটি কোথায় পাওয়া যাবে তা ব্যাখ্যা করুন এবং তা কিভাবে ব্যবহার করতে হবে দেখিয়ে দিন
- প্রশিক্ষনার্থীদেরকে একে অন্যকে শুভেচ্ছামূলক টেক্সট মেসেজ পাঠাতে বলুন

### 2. তাদের গ্রুপের একটি সেল্ফি ছবি তুলে পাঠান:

- WhatsApp-এর জন্য ক্যামেরা আইকনটি ধরে থাকুন।
- ক্যামেরা সম্পর্কে ও তা কোথায় পাওয়া যাবে ব্যাখ্যা করুন এবং তা কিভাবে ব্যবহার করতে হবে দেখিয়ে দিন।
- প্রশিক্ষনার্থীদেরকে একে-অপরকে এই ফটোগুলি পাঠাতে বলুন।

### 3. একটি শুভেচ্ছামূলক ভয়েস মেসেবাইটসাইজ - নিরাপত্তা

- WhatsApp-এর জন্য মাইক্রোফোন আইকনটি ধরে থাকুন
- মাইক্রোফোন সম্পর্কে ও তা কোথায় পাওয়া যাবে ব্যাখ্যা করুন এবং তা কিভাবে ব্যবহার করতে হবে দেখিয়ে দিন
- প্রশিক্ষনার্থীদেরকে একে অন্যকে শুভেচ্ছামূলক ভয়েস মেসেজ পাঠাতে বলুন

- **ব্যাখ্যা করুন** যে "আপনি যখন কাউকে একটি WhatsApp মেসেজ পাঠাবেন, আপনি দেখতে পাবেন যে, তা তাদের ফোনে পৌঁছেছে কি না এবং তারা তা পড়েছেন কি না"। A) পাঠানো হয়েছে = 1টি ধূসর টিকচিহ্ন B) পৌঁছে গিয়েছে = 2টি ধূসর টিকচিহ্ন C) পড়া হয়েছে = 2টি নীল টিকচিহ্ন
- **জিজ্ঞাসা করুন** যে "আপনি একটি টেক্সট মেসেজের বদলে কখন একটি ভয়েস মেসেজ, বা একটি ছবি পাঠাবেন তার কয়েকটি উদাহরণ ভেবে বলুন?"

# কার্যক্রম: গ্রুপ মেসেজিং

**ব্যাখ্যা করুন** যে "আপনারা এখন 'গ্রুপ চ্যাট' ব্যবহার করে দেখতে চলেছেন।"

**ব্যাখ্যা করুন**, "WhatsApp-এর 'গ্রুপ চ্যাট'-এ একাধিক ব্যক্তি একই গ্রুপ কথোপকথনের অংশ হতে পারেন।"




## 'কিভাবে WhatsApp ব্যবহার করবেন: গ্রুপ মেসেজিং' পোস্টার দেখান

- **ব্যাখ্যা করুন** যে "এই পোস্টারটি একটি WhatsApp গ্রুপ তৈরির প্রাথমিক ধাপগুলি দেখায়"
- কিভাবে একটি WhatsApp গ্রুপ তৈরি করবেন এবং আপনার প্রশিক্ষনার্থীদের আমন্ত্রণ জানাবেন, তা তাদের ফোনে করে **দেখান**, যাতে সবাই একটি WhatsApp গ্রুপে যোগ দেয় (ফোনগুলির নম্বর ব্যবহার করে আমন্ত্রণগুলি পাঠান)
- প্রশিক্ষনার্থীদের WhatsApp গ্রুপে **একটি টেক্সট বা ভয়েস মেসেজ পাঠান,** এবং তাদেরকে গ্রুপ চ্যাটে গ্রুপ সেল্ফিগুলি শেয়ার করতে বলুন
- **জিজ্ঞাসা করুন** "আপনি কি সেই উদাহরণগুলি ভেবে বলতে পারেন, যেখানে একে অপরকে মেসেজ করা-এর বদলে গ্রুপ মেসেজিং ব্যবহার করবেন?"

**পরামর্শ:** প্রশিক্ষণের বাকি সময়কালের জন্য প্রশিক্ষনার্থীদের WhatsApp গ্রুপটিকে চালু রেখে দিন এবং প্রশিক্ষনার্থীদেরকে গ্রুপ চ্যাটে অংশগ্রহণ করতে বলুন, যেমন গ্রুপ চ্যাটে তাদের চিন্তাভাবনা, অনুভূতি, কোন ছবি বা মূল্যায়ন শেয়ার করতে বলুন।

# ব্যক্তিগত ব্যবহার

WhatsApp তাদের নিজেদের জীবনে কিভাবে কাজে আসতে পারে তা নিয়ে প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**

- **জিজ্ঞাসা করুন** "এখন আপনি জানেন যে, WhatsApp কিভাবে ব্যবহার করতে হবে, আপনি আপনার নিজের জীবনে এটিকে কিভাবে ব্যবহার করতে চান?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন
- **জিজ্ঞাসা করুন** "আপনি এখন যেহেতু WhatsApp কিভাবে ব্যবহার করতে হয় তা শিখেছেন, এক্ষেত্রে কোন জিনিসটি নিয়ে আপনি সবচেয়ে বেশি আগ্রহ বোধ করছেন?"

# সুরক্ষা

**জিজ্ঞাসা করুন** "আপনার কাছে সুরক্ষার অর্থ কি?"

**প্রশিক্ষনার্থীদের কল্পনা করতে বলুন** যে তারা একটি বাজারের **মতো কোনো সাধারণ সর্বজনীন স্থানে আছেন।** তাদেরকে এটি নিয়ে আলোচনা করতে বলুন যে, তারা এই জায়গাতে নিরাপদ থাকার জন্য কী করবেন। তাদেরকে নীচের প্রশ্ন ও উত্তরগুলি পড়ে শোনান:

| পড়ে শোনান | সম্ভাব্য উত্তরগুলি |
|---|---|
| আপনার অপরিচিত কোন ব্যক্তি আপনাকে বিরক্ত করলে আপনি কি করবেন | আপনি তাদের এড়িয়ে চলবেন বা উপেক্ষা করবেন সতর্ক থাকুন - তারা যা বলে সবসময় তারা তা নাও হতে পারে |
| আপনার পরিচিত বা বিশ্বস্ত নয় এরকম কেউ যদি আপনার ব্যক্তিগত তথ্য চায় তাহলে আপনি কি করবেন? | যাকে আপনি চেনেন না বা ভরসা করেন না, এমন কাউকে আপনার ব্যক্তিগত তথ্য দেবেন না, কারণ তারা সেগুলির অপব্যবহার করতে পারে |
| আপনার দেখা বা সম্মুখীন হওয়া কোন ব্যাপারে অনিশ্চিত বা অস্বচ্ছন্দ হলে আপনি কি করবেন? | আপনার চেনাজানা ও বিশ্বস্ত কাউকে বলুন কি ঘটেছে |
| আপনি যাদের সাথে পারস্পরিক ভাববিনিময় করেন, তাদের সাথে আপনি কি রকম ব্যবহার করেন? | আপনি মানুষের সাথে ভদ্র ও সম্মানপূর্ণ আচরণ করেন |


**ব্যাখ্যা করুন** "এটি মনে রাখা জরুরি যে ইন্টারনেট একটি সর্বজনীন জায়গা এবং এটিকে একটি সর্বজনীন জায়গা হিসেবে বিবেচনা করা ও নিরাপদ থাকা গুরুত্বপূর্ণ।"

# রক্ষা




## আপনার প্রশিক্ষনার্থীদেরকে 'সুরক্ষা সংক্রান্ত পরামর্শগুলি' সংক্রান্ত পুস্তিকাটি দিন

- ইন্টারনেট ব্যবহার করার ক্ষেত্রে এই সহায়ক তথ্যগুলির মানে কি হতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে **আলোচনা করুন**
- আপনার প্রশিক্ষনার্থীদের কাছে প্রাসঙ্গিক হবে এরকম উদাহরণগুলি ব্যবহার করে এই সহায়ক তথ্যগুলিকে **জীবনের সাথে সম্পর্কিত করুন।** উদাহরণস্বরূপ, হয়রানি কিভাবে প্রতিরোধ করা যায় তা নিয়ে মেয়েরা বেশি চিন্তিত হতে পারে




## WhatsApp সুরক্ষা


- **জিজ্ঞাসা করুন** যে "যদি আপনার অপরিচিত কোন ব্যক্তি WhatsApp-এ আপনাকে মেসেজ করার চেষ্টা করে, বা আপনাকে বিরক্ত করার চেষ্টা করে এবং আপনি তা না চান, সেক্ষেত্রে আপনি কি করতে পারেন?"
- **ব্যাখ্যা করুন** যে "WhatsApp-এ আপনি তাদেরকে 'ব্লক' করতে পারেন, যাতে তারা একই নম্বরে আবার আপনার সাথে যোগাযোগ করতে না পারে"
- **'ব্লক প্রক্রিয়া' পোস্টারটি দেখান** এবং কিভাবে WhatsApp-এ মানুষকে ব্লক করবেন তা করে দেখান

# $ খরচ

**ব্যাখ্যা করুন** "এখন আপনি জানেন যে, কিভাবে WhatsApp ব্যবহার করতে হবে এবং এটি কিসের জন্য ব্যবহৃত হয়, চলুন এবার এটি ব্যবহার করার খরচ নিয়ে কথা বলা যাক! আপনার ফোনে ইন্টারনেট ব্যবহার করতে হলে, আপনাকে আপনার মোবাইল নেটওয়ার্ক প্রদানকারীর কাছ থেকে ডেটা কিনতে হবে।"

**ব্যাখ্যা করুন** "প্রতিটি WhatsApp মেসেজের খরচ SMS-এর চেয়ে অনেকটাই কম। আপনি যে ব্যক্তিকে মেসেজ পাঠাচ্ছেন তিনি যদি অনেক দূরেও থাকেন (এমনকি অন্য দেশে থাকলে) তার জন্য খরচের কোন পরিবর্তন হয় না - তারা আরেকটি দেশে থাকুন বা আপনার ঘরের পাশে থাকুন খরচ একই হবে।"।"

---




## 'খরচ' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন পরিমাণ ডেটা ব্যবহৃত হয়। টেক্সট দেখলে সবচেয়ে কম ডেটা ব্যবহৃত হয়, ছবি দেখলে তার চেয়ে বেশি, গান চালালে বা ডাউনলোড করলে তার চেয়ে সামান্য বেশি এবং ভিডিও চালালে সবচেয়ে বেশি ডেটা খরচ হয়।
- **ব্যাখ্যা করুন** "কিছু ইন্টারনেট সেবায় এমন কিছু কার্যক্রম জড়িত থাকে যেখানে বেশি ডেটা ব্যবহার হয়"
- **জিজ্ঞাসা করুন** "পোস্টারে WhatsApp কোথায় রয়েছে?" এবং এর মানে কি যে, এর জন্য কতটা খরচ হতে পারে?"
- **জিজ্ঞাসা করুন** "কিসের জন্য এতে বেশি খরচ হয়? **উত্তর** "ভিডিওগুলি"
- **জিজ্ঞাসা করুন** "কিসের জন্য এতে খরচ কম হয়?" **উত্তর** "টেক্সট ব্যবহার করা"

# $ খরচ

## ডেটা খতিয়ে দেখা

- **জিজ্ঞাস করুন** "আপনি কত পরিমাণ ডেটা ব্যবহার করেছেন তা যাচাই করা সহায়ক হয় কেন?"
- **উত্তর** "আপনার ডেটার কতটা অংশ আপনি ব্যবহার করেছেন এবং বিভিন্ন কাজে কতটা ডেটা খরচ হয় তা বোঝা"
- **ব্যাখ্যা করুন** "আপনার কতটা ডেটা বাকি আছে তা আপনি যাচাই করতে পারেন, যেরকম আপনি আপনার আর কত মিনিট বা টেক্সট বাকি রয়েছে তা যাচাই করেন; আপনার মোবাইল নেটওয়ার্ক থেকে আপনার ফোনে একটি কোড টাইপ করে"
- **ব্যাখ্যা করুন** "আপনি কি রকম ভাবে ইন্টারনেট ব্যবহার করবেন তার উপর নির্ভর করে আপনি বিভিন্ন পরিমাণে ডেটা কিনতে পারেন। আপনার জন্য কোন পরিমাণটি সবচেয়ে উপযুক্ত হবে, সেই ব্যাপারে আপনার স্থানীয় মোবাইল এজেন্টের পরামর্শ নিন"
- **ব্যাখ্যা করুন** "আপনি যদি একটি Wi-Fi অঞ্চলে ইন্টারনেটে প্রবেশ করেন, তাহলে আপনার ডেটা প্যাকেজ ব্যবহার হবে না। আপনার স্থানীয় মোবাইল এজেন্ট আপনাকে আপনার স্থানীয় Wi-Fi অঞ্চলগুলি খুঁজে বের করতে সহায়তা করতে পারেন। তবে, সবচেয়ে কাছের অঞ্চলটিও আপনার থেকে বেশ দূরে হতে পারে
- ভাবে ডেটা খতিয়ে দেখতে হবে তা প্রশিক্ষনার্থীদের প্রদর্শন করুন

**পরামর্শ:** আপনার কাছে কতটা ডেটা রয়েছে তা যাচাই করার বিষয়টি আপনি কোন দেশে আছেন এবং ফোনটি কোন নেটওয়ার্কে রয়েছে তার উপর নির্ভর করে আলাদা হয়। কিভাবে ডেটা যাচাই করতে হবে সে ব্যাপারে আপনার সহায়তার প্রয়োজন হলে, একজন মোবাইল এজেন্টকে জিজ্ঞাসা করুন

# পুনরাবৃত্তি



## WhatsApp আইকন গেমটি খেলুন

- একবারে একটি করে, প্রতিটি WhatsApp আইকন **ধরে থাকুন**
- **জিজ্ঞাসা করুন** "ফোনে এটি কোথায় রয়েছে এবং এটি কি?"
- প্রশিক্ষনার্থীদের সহায়তার প্রয়োজন হলে **ব্যাখ্যা করুন** প্রপ্রতিটি আইকন কি।
- সঠিক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকোলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে পরে প্রশিক্ষনার্থীরা মনে করতে পারে সেগুলি কি ছিল

**ব্যাখ্যা করুন:** WhatsApp-এর মতই অন্য মেসেজিং সেবা আছে। এর মধ্যে রয়েছে: Telegram, Line, Viber, Hike বা Facebook Messenger

**পরামর্শ:** "ইন্টারনেটের অ্যাপ্লিকেশন ও সেবাগুলি একই ধরণের আইকন ও শব্দগুলি ব্যবহার করে থাকে। আপনি ইন্টারনেট ব্যবহার করার সময় এই আইকনগুলির দিকে নজর রাখুন, যাতে এর পরের বার যখন আপনি সেগুলি দেখবেন, তখন আপনি সেগুলির মানে মনে করতে পারেন।"

## WhatsApp-এর পুনরাবৃত্তি

- **আপনার প্রশিক্ষনার্থীরা WhatsApp ব্যবহার করে কি শিখেছে তা নিয়ে আলোচনা করুন**
- "আপনি WhatsApp ব্যবহার করা সম্পর্কে কি শিখেছেন?", "আপনি এটি কিসের জন্য ব্যবহার করতে পারেন?"
- "SMS-এর সাথে এর পার্থক্য কি?", "আপনি WhatsApp দিয়ে কি করতে পারেন, যা আপনি SMS দিয়ে করতে পারবেন না?"
- "WhatsApp ব্যবহার করা নিয়ে আপনার কি এখনও কোন চিন্তা রয়েছে?"
- "আপনি আপনার নিজের জীবনে কিভাবে WhatsApp ব্যবহার করতে চান? আপনি এটি ব্যবহার করার ব্যাপারে কি নিয়ে সবচেয়ে আগ্রহ ও আনন্দিত বোধ করেন?"

**পরামর্শ:** পুনরাবৃত্তিটিকে একটি কুইজ হিসেবে পরিচালনা করুন এবং প্রশিক্ষনার্থীদের খেলার জন্য পুরস্কার দিন (যেমন, চকোলেট)।

# পুনরাবৃত্তি

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীরা যদি তাদের নিজেদের ফোনে ইন্টারনেট ও WhatsApp ব্যবহার করতে চান, সেক্ষেত্রে তারা যা শিখেছেন তা অভ্যাস করার জন্য তাদেরকে কিছুটা সময় দিন এবং তাদেরকে সহায়তা ও উৎসাহ দিন

## পরের পর্যায়ে যাওয়া

আপনি যদি সেশনের শেষে এসে পৌঁছান এবং আপনার হাতে অতিরিক্ত কিছুটা সময় থাকে:

- **জিজ্ঞাস করুন** "আমরা এই সেশনে যা শিখেছি সে সম্পর্কে আপনার কি আর কোন প্রশ্ন আছে?"
- **জিজ্ঞাস করুন** "মোবাইল ইন্টারনেট সম্পর্কে তারা আর কি কি জানতে চাইছেন?"


---

আপনি আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করতে পারেন WhatsApp-এর এরকম আরো উন্নত কিছু বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে:

- আপনার ছবির গ্যালারি থেকে একটি WhatsApp কথোপকথনে **ছবিগুলি আপলোড করা**
- WhatsApp-এ **আপনার অবস্থান শেয়ার করা**, যাতে বন্ধুবান্ধব ও পরিবারের মানুষরা জানতে পারেন যে আপনি কোথায় আছেন
- **একটি WhatsApp প্রোফাইল সেট-আপ করা,** যার মধ্যে গোপনীয়তার সেটিংস অর্ন্তভুক্ত রয়েছে
- অ্যাপ স্টোর থেকে **অ্যাপগুলি ডাউনলোড করা** (আপনাকে ইমেল নিয়েও আলোচনা করতে হবে, কারণ অ্যাপ ডাউনলোড করার জন্য ই-মেল থাকতে হবে)

# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র

আইকন কাট-আউট - WhatsApp









কিভাবে ব্যবহার করতে হয়

# WhatsApp একে অপরকে মেসেজ করা




কিভাবে ব্যবহার করতে হয়

# WhatsApp গ্রুপ মেসেজিং




কিভাবে ব্যবহার করতে হয়

# WhatsApp কীভাবে ‘ব্লক’ করা যায়



★ ★ ★ ★ ★



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

★ ★ ★ ★ ★

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত